মুক্তিযোদ্ধার সম্মান চান ১৯৭১ সালের ১৭ এপ্রিল মঞ্চ প্রস্তুতকারী লিয়াকত আলী লেবু

মুক্তিযোদ্ধার সম্মান চান ১৯৭১ সালের ১৭ এপ্রিল, অস্থায়ী সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠানের মঞ্চ প্রস্তুতকারী লিয়াকত আলীসহ মঞ্চ প্রস্তুতকারীরা।

আর সেই লক্ষ্যে গতকাল রবিবার বিকালে তিনি শেরপুর থেকে এসে ১৯৭১ সালের মঞ্চ প্রস্তুতকারী ও স্থানীয় সংগ্রাম কমিটির সদস্যদের সাথে নিয়ে মুজিবনগর সৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণকালে সাংবাদিকদের সামনে এ সকল কথা বলেন।

লিয়াকত আলী মুজিবনগর উপজেলার ভবেরপাড়া গ্রামের মৃত রেয়াজ উদ্দীন আহম্মেদ এর ছেলে। তার পিতা মৃত রেয়াজ উদ্দীন আহম্মেদ ছিলেন মুক্তিযুদ্ধকালীন ইপিয়ার ক্যাম্পের হাবিলদার। লিয়াকত আলী ছিলেন ১৭এপ্রিল অস্থায়ী সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠানের মঞ্চ প্রস্তুতকারীদের প্রধান।
বর্তমানে তিনি শেরপুরের স্থায়ী বাসিন্দা।

পুষ্পমাল্য অর্পণকালে তিনি বলেন, ১৯৭১ সালের ১৭ এপ্রিল, অস্থায়ী সরকার শপথ নেওয়ার সময় আমিসহ সংগ্রাম কমিটির আমার সহপাঠিরা আগের দিন থেকে মঞ্চ তৈরিসহ মঞ্চের যাবতীয় কিছু ব্যবস্থা করি। অথচ স্বাধীনতার এত বছর পার হয়ে গেলেও আমরা আজও কোন সম্মান পেলাম না। তাই মাননীয় প্রধানমন্ত্রীর কাছে আমার আকুল আবেদন যেন আমাদের মুক্তিযোদ্ধার সমপরিমাণ স্বীকৃতি দেন।

পুষ্পমাল্য অর্পণকালে বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ুব হোসেন, মুক্তিযুদ্ধকালীন সংগ্রাম কমিটির সাধারণ সম্পাদক আয়ুব আলীসহ সংগ্রাম কমিটির সদস্য ও মঞ্চ প্রস্তুতকারীগণ উপস্থিত ছিলেন।

পদ্মা সেতু দৃশ্যমান হওয়ায় গাংনী উপজেলা ছাত্রলীগের আনন্দ শোভাযাত্রা

পদ্মা সেতুর স্প্যান বসানো সম্পূর্ণ ও সেতু দৃশ্যমান হওয়ায় মেহেরপুরের গাংনী উপজেলা ছাত্রলীগের উদ্দ্যোগে আনন্দ শোভাযাত্রা ও ছাত্রলীগ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকেলে গাংনী বাজারের শহীদ রেজাউল চত্বরে এ অনুষ্ঠান হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সামাদ বাধন। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মুনতাসির জামান মৃদুল।

উপজেলা ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টুর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিকের পরিচালনায় বিশেষ অতিথি ছিলেন, গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ফয়সাল জাহান শিশির, পৌর ছাত্রলীগের সভাপতি ডালিম রানা, সাধারণ সম্পাদক নাসিরুল ইসলাম মোহন, জেলা ছাত্রলীগের সহ-সভাপতি শাহজাহান আলী, মেহেরপুর সরকারী কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক একে কুতুব ।

এসময় উপজেলা ছাত্রলীগের বিভিন্ন ইউনিট ছাত্রলীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এর আগে একটি মোটরসাইকেল শোভাযাত্রা বের হয়ে উপজেলার বিভিন্ন এলাকা প্রদক্ষিণ শেষে গাংনী বাজারে সমাবেশের মাধ্যমে শেষ হয়।

গাংনীতে দরবার রক্ষার্থে ভক্ত ও গ্রামবাসীর মানববন্ধন

মেহেরপুরের গাংনী উপজেলার ওলিনগর গ্রামের মরহুম বীর মুক্তিযোদ্ধা হাফিজুর রহমান এর প্রথম পক্ষের স্ত্রী সন্তানের

দায়িত্বে রেখে যাওয়া পবিত্র দরবার শরীফ রক্ষা করতে ও দরবারের বিরুদ্ধে নানা অপপ্রচারের প্রতিবাদে গ্রামবাসী এবং বিভিন্ন এলাকার সাধু-সম্প্রদায় মানববন্ধন করেছে। গতকাল শনিবার বিকেল ৪টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের ওলিনগর মদন মাস্তানের দরবার শরীফের সামনের সড়কে মানব বন্ধন অনুষ্ঠিত হয়।

দরবার শরীফ কমিটির সভাপতি জাহাঙ্গীর আলম বাদশার সভাপতিত্বে বক্তব্য রাখেন, মরহুম বীর মুক্তিযোদ্ধা হাফিজুর রহমানের বড় ছেলে সিরাজুল ইসলাম, মরহুম বীরমুক্তিযোদ্ধা হাফিজুর রহমানের ভাই ও দরবার শরীফের সম্পাদক বর্তমান খাদেম জালাল উদ্দীন ফকির ও নিয়ামত আলীসহ ভক্তবৃন্দ।

সিরাজুল ইসলাম বলেন, আমার বাবা জীবিত থাকা অবস্থায় ওলিনগর মৌজার, ১৯১ নং খতিয়ানের ৩০৭ দাগের ৭ শতক জমি সবটুকু আলফাজ উদ্দীন (মদন মাস্তান) দরবার শরীফের নামে ১৯৮৯ সালে রেজিঃ করে দেয়। পরবর্তিতে মরহুম হাফিজুর রহমান মানসিক ও শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়লে দ্বিতীয় স্ত্রী নুরুন্নাহার আক্তার ও তার মেয়ে হাবিবা নওসীন সাধনা চিকিৎসার নাম করে বাড়ী থেকে বিভিন্ন সময়ে বাহিরে নিয়ে যায়।

মেহেরপুরে চলছে চিকিৎসার নামে গলা কাটা বাণিজ্য

এম এফ রুপক/ ফয়সাল আহমেদ:

হাসপাতাল আছে, আছে যন্ত্রপাতি, ঔষধ সরবারহ হচ্ছে নিয়মিত, আছে চিকিৎসক, আছে নার্স-আয়াসহ কর্মকর্তা কর্মচারী। শুধু নেই কাক্সিক্ষত চিকিৎসা সেবা। জেলা শহর থেকে শুরু করে নিভৃত পল্লী পর্যন্ত সবখানেই অভিন্ন অবস্থা। চিকিৎসকের বদলে নার্স, ওয়ার্ডবয়, আয়াসহ দালালরা নানা কৌশলে হাতিয়ে নিচ্ছে অর্থ। হাসপাতালে প্রশাসনিক বিভাগ তৎপর থাকলেও থামানো যাচ্ছে না তাদের। সরকারি স্বাস্থ ব্যবস্থার অবহেলার সুযোগে প্রাইভেট ক্লিনিক ও চিকিৎসকের অযথা টেস্ট করানোর প্রবণতাকে পুজি করে এ জেলার অধিবাসিদের

প্রতিদিনই চিকিৎসার নামে গলা কাটা হচ্ছে।

প্রতিটি ক্ষেত্রেই চিকিৎসকের জন্য আছে আর্কষণীয় ও লোভনীয় কমিশন। সরকারি হাসপাতাল থেকে রোগী ভাগিয়ে নিয়ে প্রাইভেট ক্লিনিকে ভর্তি করাতে পারলেই শতকরা ৪০ ভাগ কমিশন যায় সংশ্লিষ্ট চিকিৎসক বা দালালদের পকেটে।

তেমনি ডায়াগনস্টিক সেন্টারে পরীক্ষার নামে রোগী পাঠানোর বিনিময়ে পেয়ে থাকেন একই কমিশন। এ কমিশন বাণিজ্যের কারণে চিকিৎসা ব্যয় বেড়েছে বহুগুন। “যত টেস্ট তত কমিশন” এ নীতিতেই চলছে চিকিৎসা বাণিজ্য। কোন ডায়াগনস্টিক সেন্টারে যেতে হবে সেটাও বলে দেন চিকিৎসক। সরকারি হাসপাতালের একশ্রেণীর চিকিৎসকের সহায়তায় ডায়াগনস্টিক সেন্টার মালিকদের যথেষ্ট টেস্ট-বাণিজ্য চলছে বছরের পর বছর। ডায়াগনস্টিক প্রতারণার শিকার হচ্ছেন সাধারণ মানুষ।

এসব ডায়াগনস্টিক সেন্টারে সিটিস্ক্যান ৪ হাজার টাকা, এমআরআই ৪/৫ হাজার টাকা, প্রায় ২ শত ধরনের রক্ত পরীক্ষা ২শ’ থেকে শুরু করে ২ হাজার টাকা পর্যন্ত নেয়া হয়। ভিটামিন-সি, ভিটামিন-ডি পরীক্ষা ৪/৮ হাজার টাকা, এফএনএসি (ফাইন নিডল এসপাইরেশন সাইটোলজি) ১ হাজার টাকা, হিস্টো ৬শ’/ ১ হাজার টাকা। এছাড়ও ইকো, আল্ট্রাসনোগ্রামসহ আছে অনেক জটিল পরীক্ষা। শুধু কমিশনের আশায় প্রয়োজনে অপ্রয়োজনে রোগীদের হাতে ধরিয়ে দিচ্ছে টেস্টের লিস্ট।

নাম প্রকাশে অনিচ্ছুক এক ডায়াগনস্টিক সেন্টারের মালিক জানান, অনেক দেখা যায় কোন হার্টের রোগীর ইসিজি করলেই যথেষ্ট, কিন্তু তার সাথে বা প্রথম বারেই ইকো করার জন্য প্রেসক্রাইব করেন চিকিৎসক। এক্ষেত্রে এক পরীক্ষায় একজন চিকিৎক ৮শ টাকা কমিশন পাবে।

গত বুধবার সকালে চিকিৎসা নিতে আসা ইয়াজ্জদীন আলী (৬৫) জানান, হাটুতে ব্যাথা নিয়ে হাসপাতালে এসেছিলাম। ছোট কাগজে দুইটি এক্সে, একটি রক্ত পরীক্ষা ও ডায়বেটিস পরীক্ষা দিয়েছে। আমার কাছে অতো টাকা নেই বাপু। সামনের দোকান থেকে কিছু ব্যথার ঔষধ নিয়ে বাড়ি যাবো।

এছাড়াও হাসপাতাল ও ক্লিনিক গুলোতে ঔষধ কোম্পানীর রিপ্রেজেন্টিভদের অত্যাচারতো আছেই। নিদিষ্ট ব্যান্ডের ঔষধ প্রেসক্রাইব করার জন্য নিয়মিত উপঢৌকন দিয়ে থাকেন তারা। রোগীর চিকিৎসকের রুম থেকে বেরোনোর সাথে সাথে হুমড়ী খেয়ে পড়ে নিজেদের কোম্পনীর ঔষধ প্রেসক্রাইব করেছে কিনা দেখার জন্য। আবার তথাকথিত

ডাক্তার চেম্বারের নিজস্ব ফার্মেসি থেকেই রোগীদের বেশি মূল্যে ঔষধ কিনতে বাধ্য করা হয়।

মেহেরপুর জেনারেল হাসপাতালের আবাসিক মেডিক্যাল অফিসার মখলেছুর রহমান জানান, হাসপাতালকে দালাল মুক্ত করার জন্য কতৃপক্ষ কঠর ব্যবস্থা নিয়েছে। আমরা হাসপাতালের নিরাপত্তা ও দালাল মুক্ত করার জন্য পুলিশ ক্যাম্প বসানো হয়েছে। এছাড়াও বর্তমানে হাসপাতালে রোগীদের সর্বোচ্চ চিকিৎসেবা দেওয়া হচ্ছে।

রোগীদের সাথে নার্স ওয়ার্ড বয়ের অর্থ বাণিজ্যের বিষয়ে তিনি বলেন, যারা এখানে বিনা বেতনে চাকরি করে তাদেরকে আমরা নিজস্ব ফান্ড থেকে কিছু দেওয়ার চেষ্টা করি। তবে রোগীদের কাছ থেকে টাকা নেওয়ার কোন সুযোগ নেই। সেই সাথে অফিস চলাকালীন সময়ের বাইরে ডাক্তারদের তো অন্য জায়গায় রোগী দেখার সুযোগ দিয়েছে সরকার। সে ক্ষেত্রে কোন বাঁধা নেই।

মেহেরপুরের আমঝুপিতে মানবাধিকার এ্যাওয়ার্ড প্রদান

বিশ্ব মানবাধিকার দিবস উৎযাপন উপলক্ষে গতকাল শনিবার বিকাল ৩ টার দিকে আমঝুপিতে মানব উন্নয় কেন্দ্র (মউক) মানবাধিকার এ্যাওয়াড প্রদান ও আলোচনা সভার আয়োজন করে।

অনুষ্ঠানে এ্যাড. মিয়াজান আলী সভাপতি করেন। প্রধান অতিথি ছিলেন মেহেরপুর মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম।

বিশেষ অতিথি ছিলেন এ্যাড. ইব্রাহিম শাহীন ও পি পি এ্যাড. পল্লব ভট্রাচার্য তরুন। স্বাগত বক্তব্য রাখেন মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম।

অনুষ্ঠানে মেহেরপুর জেলার ২০ জন মানুষকে সমাজে অবদান রাখায় সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়।

সরকারি স্কুল শিক্ষককে কাজীর খাতা সরবরাহের অভিযোগ

সরকারি বিধি অমান্য করে গাংনী সরকারি বালিকা বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক আবু জাফরকে বিবাহ ও তালাক রেজি:খাতা সরবরাহের অভিযোগ উঠেছে কাজী নুহুনাজিউল্লাহ’র বিরুদ্ধে।

অভিযুক্ত নুহু নাজিউল্লাহ গাংনী উপজেলার শোলটাকা ইউয়িনের কাজী হিসেবে দায়িত্বে রয়েছেন। অথচ তিনি গাংনী পৌর এলাকার শিশিরপাড়ার বাসিন্দা আবু জাফরকে বিবাহ রেজিষ্ট্রি ও তালাকনামার খাতা সরবরাহ করেছেন। যা আইনগত বৈধ নয়।

গাংনী পৌরসভাও ৭ নম্বও সাহারবাটি ইউনিয়নের দায়িত্বপ্রাপ্ত কাজী মনিরুল ইসলাম উপজেলা নির্বাহী অফিসারের কাছে একটি লিখিত অভিযোগ করেছেন। একই অভিযোগের একটি কপি দুদক’র কুষ্টিয়া আঞ্চলিক উপপরিচালকের কাছেও দেয়া হয়েছে। তারা বিষয়টি তদন্ত করা হবে বলে জানিয়েছেন।

এ ব্যাপারে ষোলটাকা ইউপি নিকাহ রেজি: কাজী নুহুনাজিউল্লাহ জানান, জাফরের কাছে এক সময় কাগজ পত্র ছিলো পরে তা আমি ফেরত নিয়ে আসি।

গাংনী সরকারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারী ধমীয় শিক্ষক আবু জাফর জানান, আমি কাজী নুহুনাজিউল্লাহ কাগজ পত্র কাজ করতাম। আমার নিজ নামে কোন অনুমতিপত্র নেই।

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান তদন্ত করে ব্যবস্থা গ্রহন করা হবে।

জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মেহেরপুর, জানান আজ আমি কিছু বলিতে পারছিনা কাল যোগাযোগ করুন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা গাংনী,জানান তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন হবে।

তবে গাংনী সাব-রেজিস্টার ও জেলা রেজিস্টারের সাথে যোগাযোগ করার চেস্টা করা হলে তাঁরা ফোন রিসিভ না করায় কথা বলা সম্ভব হয়নি।

কালিগাংনীতে মোঃ বাবুল আকতার এর গণসংযোগ

ইউনিয়ন পরিষদ নির্বাচন ২০২১ সামনে রেখে মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়ন শাখা আওয়ামী লীগ সাধারন সম্পাদক মোঃ বাবুল আকতার চেয়ারম্যান নির্বাচনী গণসংযোগ শুরু করেছেন।

এরই অংশ হিসেবে শুক্রবার বিকালে কালিগাংনী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আলোচনা সভার আয়োজন করা হয়।

মেহেরপুর সদর উপজেলা আওয়ামী লীগের শ্রমবিষয়ক সম্পাদক ইয়াকুব আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও চেয়ারম্যান পদপ্রার্থী মোঃ বাবুল আকতার।

এ সময় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন কুতুবপুর ৫নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুস সাত্তার জাহিদ, কুতুবপুর ৯নং ওয়ার্ড মেম্বার আবুল কাশেম, মেহেরপুর সদর উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আরিফুল ইসলাম, কালী গাংনীর সাবেক আওয়ামী লীগ নেতা মোঃ আব্দুল মতিন, কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সহ-সভাপতি ইমরান হোসেন প্রমুখ। আলোচনা সভায় আওয়ামীলীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পৃথক অভিযানে দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনীতে পৃথক অভিযান চালিয়ে দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

শুক্রবার সন্ধায় এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো ২০ পিচ ইয়াবাসহ কাজিপুর হাজিপাড়ার আনেচুর রহমানের ছেলে সেলিম রেজা (২২) ও ১০ বোতল ফেন্সিডিলসহ একই গ্রামের জামাদার পাড়ার আজিম উদ্দিন এর ছেলে ইমরান হোসেন (২৩)।

এসময় ইমরানের সাথে থাকা একটি মোটরসাইকেলও জব্দ করেছে ডিবি পুলিশ।

এ বিষয়ে জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী জানান, গোপন সংবাদের ভিত্তিতে একই গ্রামে অভিযান চালিয়ে ডিবির একটি দল দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে। এ সময় তাদের বহন করা হেরোইন ও ফেন্সিডিল উদ্ধার করা হয়।

এ বিষয়ে গাংনী থানায় দুইটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেহেরপুরে এক জন করোনা আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও এক জন করোনা আক্রান্ত হয়েছেন। তিনি মেহেরপুর সদরের বাসিন্দা।

শুক্রবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১৬ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে এক জনের। আর নেগেটিভ আসে ১৫ জনের।

সূত্রে আরো জানা যায়, সর্বমোট ফলাফল এসেছে ৫৫৮৪ টি, সর্বমোট পজিটিভ ৭৩৮ জন, সুস্থ ৬৩৭ জন, মৃত্যু ১৬ জন ও ট্রান্সফার্ড ৬০ জন।

বর্তমানে পজিটিভ সংখ্যা ২৩ টি (সদরে- ১৬, গাংনীতে- ০৩ ও মুজিবনগরে- ০৪)।

ভিন্নসূত্রে পাওয়া পজিটিভের পরিচয়- মেহেরপুর এসপি অফিসের শুকুর আলী(৪০)।

মেহেরপুরে বাংলাদেশ মানবাধিকার কমিশনের নতুন কমিটির আত্মপ্রকাশ

আন্তর্জাতিক মানবাধিকার দিবস পালন ও বাংলাদেশ মানবাধিকার কমিশন মেহেরপুর জেলা শাখার নতুন কমিটির আত্মপ্রকাশ ঘটেছে।

গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় শহীদ ড.শামসুজ্জোহা পার্ক এর সামনে দারুচিনি ফুডে এই কমিটির আত্মপ্রকাশ ঘটে।

মানবাধিকার কমিশন মেহেরপুর জেলা শাখার সভাপতি সাবেক মেয়র মোতাছিম বিল্লাহ মতু, নির্বাহী সভাপতি মোঃ শাহ জামান, সহ-সভাপতি মোঃ এমদাদুল হক এবং মোঃ বদরুদ্দোজা খান, সাধারণ সম্পাদক মানিক হোসেন, যুগ্ন সম্পাদক আশহাদুর রহমান, মুক্তাকী বিল্লাহ শাফিন, রাহিনুজ্জামান, এবং মোঃ মহাব্বত, অর্থ সম্পাদক মোঃ আবু হানিফ, যুগ্ন-অর্থ সম্পাদক মোঃ নুরুজ্জামান, সাংগঠনিক সম্পাদক মোঃ শাহিন, রোকসানা আরা,

মোঃ শাহফল বাহার স্বাধীন এবং শামীম হাসান সোহাগ, প্রচার ও প্রকাশনা সম্পাদক মোঃ রাশেদ খান, আইন বিষয়ক সম্পাদক মোঃ মাসুদ রানা, মহিলা বিষয়ক সম্পাদক ঝরনা মন্ডল, সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক আসিফ ইকবাল, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক তাওসিফ আবরার, দপ্তর সম্পাদক মুনেম তাজ ওয়ার, সাংস্কৃতি সম্পাদক মোঃ রাসেল, নির্বাহী

সদস্য মোঃ রুহুল আমিন, মোঃ রনি মোঃ আশরাফুজ্জামান এবং অমন আগরওয়ালা প্রমুখ।